

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
ডোমার, নীলফামারী।
www.dls.domar.nilphamari.gov.bd

স্মারক নং-৩৩.০১.৭৩১৫.০০০.৩৪.০০১.২২- ৩৭২

তারিখঃ ২৬/০৭/২০২২খ্রিঃ

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ খ্রিঃ এর নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ ডাঃ মোহাম্মদ মোজাম্মেল হক
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ডোমার, নীলফামারী।

তারিখঃ ২৬/০৭/২০২২খ্রিঃ সময়ঃ সকাল ১০.০০ ঘটিকায়।
স্থানঃ সম্মেলন কক্ষ, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ডোমার, নীলফামারী।

উপস্থিতির স্বাক্ষরঃ পরিশিষ্ট “ক”

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্য সূচী অনুযায়ী বিস্তারিত আলোচনার জন্য ডাঃ মোছাঃ শ্যামলী আক্তার, প্রাণিসম্পদ সম্প্রসারণ অফিসার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি কে অনুরোধ করেন।

প্রাণিসম্পদ সম্প্রসারণ অফিসার সকলকে অবহিত করেন যে, সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রে বছরে চারটি নৈতিকতা কমিটির সভা আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। আলোচ্য বিষয়ের আলোকে সভায় নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত সমূহ
১।	সরকারি দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে সময়মত পালন করা।	সকলের মাঝে অফিসিয়াল দায়িত্ব ও কর্তব্য নতুনভাবে বণ্টন করা হয় এবং সময়মত সকলকে নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য পালন করতে বলা হয়, মাসিক রিপোর্ট প্রমাণকভিত্তিক নিয়মিতভাবে দিতে বলা হয় এবং রেজিস্টার ও ফাইল আপডেট ও সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
২।	সরকারি সিদ্ধান্ত মোতাবেক বিদ্যুৎ সাশ্রয়	বর্তমান পরিস্থিতি বিবেচনায় বিদ্যুৎ সাশ্রয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভা শেষে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ডাঃ মোহাম্মদ মোজাম্মেল হক)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি
ডোমার, নীলফামারী।